দৈনিক ইনকিলাব

তারিখ ...21 OCT 1991

পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

14

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের উচ্ছেদে শিবিরের মিছিল ও সভা

॥ চট্টগ্রাম ব্যুরো ॥

২০ অক্টোবর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্বৈরাচারী ভিসি'র অপসারণ ও গত ১৪ আগষ্ট-এ ভিসি'র সশস্ত্র হামলাকারী গুণ্ডাদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার ও গ্রেফতারের দাবীতে ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে আজ ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল ও ছাত্র সভা অনুষ্ঠিত হয়।

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী চত্বর থেকে মিছিলটি শুরু হয়। পরে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবন চত্বরে ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি জনাব হামিদুর রহমান আজাদের সভাপতিত্বে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্র নেতা জনাব রেজাউল করিম, জনাব খন্দকার জাকারিয়া, জনাব জাকির হোসেন চৌধুরী, জনাব ফজলুল কাদের চৌধুরী প্রমুখ। বক্তারা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে যদি কোন পদক্ষেপ গ্রহণ করা না হয় তাহলে সংগ্রামী ছাত্র সমাজ বৃহত্তর কর্মসূচীর মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের উচ্ছেদ করার ব্যবস্থা গ্রহণ করবে।